গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (বিদ্যালয়সমূহ) এর শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রদান এবং জনবলকাঠামো সম্পর্কিত নীতিমালা

২৪ শে অক্টোবর, ১৯৯৫

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১১

নং- শা:১১/বিবিধ-৫/৯৪/(অংশ-৬)/৩৯৪

তারিখ : ৯ই কার্তিক ১৪০২ বাং / ২৪শে অক্টোবর ১৯৯৫ ইং

## পরিপত্র

সরকার কর্তৃক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (বিদ্যালয়সমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ সুষ্ঠুভাবে বন্টন, উপযুক্ত জনবল কাঠামো প্রণয়ন ও এতদ্সংক্রান্ত পদ্ধতি সহজীকরণের জন্য নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হইল।

২। **নীতিমালার শিরনামা** ঃ এই নীতিমালা "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (বিদ্যালয়সমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কে নীতিমালা" নামে অভিহিত হইবে।

৩। **নীতিমালার প্রয়োগ** ঃ

১) দেশের অভ্যন্তরে অবস্থিত নিম্নোক্ত স্বীকৃতি প্রাপ্ত বেসরকারী বিদ্যালয়সমূহের জন্য এই নীতিমালা প্রযোজ্য হইবেঃ
   ক) উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (একাদশ ও দ্বাদশ শ্রেণীসহ মাধ্যমিক বিদ্যালয়);
   খ) মাধ্যমিক বিদ্যালয়;
   গ) নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

২) নৈশকালীন বেসরকারী বিদ্যালয়সমূহ এর আওতা বহির্ভূত থাকিবে।

৪। **বেতন ভাতাদি'র সরকারী অংশ এবং ইহা প্রদানকারী কর্তৃপক্ষ** ঃ এই নীতিমালার অধীনে নির্ধারিত পদ্ধতিতে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন সময়ে বেসরকারী বিদ্যালয়সমূহের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ বাবদ প্রদেয় অংশ হিসাবে বরাদ্দকৃত অর্থ বন্টন করা হইবে। এই নীতিমালার অধীনে বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদানকারী কর্তৃপক্ষ বলিতে শিক্ষা মন্ত্রণালয় বা তৎকর্তৃক নির্ধারিত কোন কর্তৃপক্ষ বুঝাইবে।

৫। **বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির আবশ্যকীয় শর্তাবলী** ঃ বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির জন্য দেশের অভ্যন্তরে অবস্থিত বেসরকারী বিদ্যালয়সমূহের শিক্ষক ও কর্মচারীদের নিম্নোক্ত আবশ্যকীয় শর্তাবলী পূরণ করিতে হইবেঃ

১) **স্বীকৃতি** ঃ বিদ্যালয়কে অবশ্যই সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃতি প্রাপ্ত হইতে হইবে।

২) **নিয়োগ, যোগ্যতা এবং জনবল কাঠামো** ঃ এই নীতিমালার ৭ নং অনুচ্ছেদের বর্ণনামতে বেসরকারী বিদ্যালয়সমূহে কর্মরত শিক্ষক ও কর্মচারীকে অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়ের নির্ধারিত জনবল কাঠামো, যোগ্যতা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিয়োগ বিধি ও পদ্ধতি মোতাবেক নিয়োগপ্রাপ্ত হইতে হইবে।

৩) **ছাত্র-ছাত্রী সংখ্যাঃ** বিদ্যালয়ে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রণীত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান স্বীকৃতি প্রবিধিমালা/নীতিমালা অনুযায়ী ন্যূনতম সংখ্যক শিক্ষার্থী থাকিতে হইবে।

৪) **পাঠ্যক্রম ও সহপাঠক্রমিক কার্যক্রমঃ** বিদ্যালয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রণীত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান স্বীকৃতি প্রবিধিমালা/নীতিমালা এর বর্ণনা মোতাবেক পাঠ্যক্রম ও সহপাঠক্রমিক কার্যক্রম চালু থাকিতে হইবে।

৫) **হিসাব সংরক্ষণ ও আয়-ব্যয় নিরীক্ষা** ঃ বিদ্যালয়ে সরকার বা সরকার কর্তৃক নির্ধারিত কোন কর্তৃপক্ষের প্রদত্ত নির্দেশানুযায়ী হিসাব সংরক্ষণ ও আয়-ব্যয় নিরীক্ষা ব্যবস্থা চালু থাকিতে হইবে।

৬) **পরীক্ষার ফলাফল** ঃ এই নীতিমালার অনুচ্ছেদ ৬-এর বর্ণনামতে বেতন-ভাতাদি'র সরকারী অংশের জন্য আবেদনকারী বিদ্যালয়কে সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত পাবলিক পরীক্ষায় এবং শ্রেণী পরীক্ষায় পাশের নির্ধারিত ভাগ অর্জন করিতে হইবে।

৭) **ব্যবস্থাপনা কমিটি** ঃ বিদ্যালয়ে অবশ্যই বেসরকারী বিদ্যালয়সমূহের ব্যবস্থা কমিটি সম্পর্কিত সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের প্রবিধিমালা বা উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থাপনা কমিটি থাকিতে হইবে।

৮) সময়ে সময়ে সরকার প্রদত্ত অন্য কোন নির্দেশনা থাকিলে সংশ্লিষ্ট বিদ্যালয়কে তাহা পালন করিতে হইবে।

৬। **পরীক্ষার ফলাফল ঃ**

১) বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির জন্য আবেদনকারী বিদ্যালয়সমূহকে নিম্নোক্তভাবে সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতাধীন পাবলিক পরীক্ষার ও প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষায় ন্যূনতম **ফলাফল** অর্জন করিতে হইবে ঃ

| পরীক্ষার ধরণ | পাবলিক পরীক্ষার ফলাফল | | বার্ষিক পরীক্ষার পাশের ন্যূনতম হার |
|---|---|---|---|
| | উত্তীর্ণ শিক্ষার্থীর ন্যূনতম সংখ্যা | পাশের ন্যূনতম শতকরা হার | |
| ১ | ২ | ৩ | ৪ |
| ১) এইচ,এস,সি | ১০ | ৩০% | ৭০% |
| ২) এস,এস,সি | ১৫ | ৩০% | ৮০% |
| ৩) নিম্নমাধ্যমিক শ্রেণীসমূহের | — | — | ৮০% |

২) কোন বেসরকারী বিদ্যালয় বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির পর ৫ বৎসরের মধ্যে সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত পাবলিক পরীক্ষায় বোর্ডের বাৎসরিক পাশের হারের ৫০% ভাগ ফলাফল অর্জন এবং তৎপরবর্তীতে তা সংরক্ষণ করিতে হইবে।

৭। **নিয়োগ, যোগ্যতা এবং জনবল কাঠামো ঃ**

১) বেসরকারী বিদ্যালয়সমূহের সকল শিক্ষক ও কর্মচারীকে অবশ্যাই নিম্নোক্ত জনবল কাঠামো অনুযায়ী নিয়োজিত হইতে হইবে ঃ

| ক্রমিক নং | গ্রুপ | পদবী | প্রতিষ্ঠানভিত্তিক পদসংখ্যা | | |
|---|---|---|---|---|---|
| | | | উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | মাধ্যমিক বিদ্যালয় | নিম্ন মাধ্যমিক বিদ্যালয় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | **উচ্চ মাধ্যমিক পর্যায়** | | | | |
| ১। | প্রশাসনিক | অধ্যক্ষ/প্রধান শিক্ষক | ১ | - | - |
| | **আবশ্যিক বিষয়** | | | | |
| ২। | বাংলা | প্রভাষক/সহকারী অধ্যাপক | ১ | - | - |
| ৩। | ইংরেজী | প্রভাষক/সহকারী অধ্যাপক | ১ | - | - |
| | **ঐচ্ছিক বিষয়** | | | | |
| ৪। | প্রতি বিষয়ে | প্রভাষক/সহকারী অধ্যাপক | ১ | - | - |
| | **মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক পর্যায়** | | | | |
| ১। | প্রশাসনিক | প্রধান শিক্ষক | - | ১ | ১ |
| ২। | | সহকারী প্রধান শিক্ষক | ১ | ১ | - |
| ৩। | | সহকারী শিক্ষক (গণিত ও সাধারণ বিজ্ঞান) | ১ | ১ | ১ |
| ৪। | সমাজ বিজ্ঞান | সহকারী শিক্ষক | ৩ | ৩ | ১ |
| ৫। | **বিজ্ঞান** (বিজ্ঞান বিভাগ চালু থাকিলে) | সহকারী শিক্ষক (বিজ্ঞান) | ১ | ১ | - |
| ৬। | **বিশেষ** | সহকারী শিক্ষক (কৃষি বিজ্ঞান) | ১ | ১ | - |
| ৭। | | সহকারী শিক্ষক (ধর্ম) | ১ | ১ | ১ |
| ৮। | | সহকারী শিক্ষক (শরীরচর্চা) | ১ | ১ | ১ |
| ৯। | কম্পিউটার শিক্ষা থাকিলে প্রযোজ্য | সহকারী শিক্ষক (কম্পিউটার) | ১ | ১ | - |
| ১০। | **ব্যবহারিক বিষয়** | প্রদর্শক | ১ | - | - |
| ১১। | | সহকারী গ্রন্থাগারিক/ক্যাটালগার | ১ | ১ | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১২। | তৃতীয় শ্রেণীর কর্মচারী | অফিস সহকারী কাম হিসাব সহকারী | ১ | - | - |
| ১৩। | | নিম্নমান সহকারী | ২ | ১ | ১ |
| ১৪। | চতুর্থ শ্রেণীর কর্মচারী | এমএলএসএস(গার্ড)/মালী/ঝাড়ু-দারসহ) | ৪ | ২ | ১ |
| ১৫। | কেবল বালিকা বিদ্যালয়ের জন্য | আয়া | ১ | ১ | ১ |

২) যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান উপরোক্ত জনবলের অতিরিক্ত শিক্ষক ও কর্মচারী কর্মরত রাখিতে চাহে তবে নির্ধারিত জনবলের অতিরিক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি'র ১০০% সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করিতে হইবে।

৩) বেসরকারী বিদ্যালয়সমূহের সকল শিক্ষক ও কর্মচারীকে অবশ্যই উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নিয়োগ ও চাকুরি বিধি অনুযায়ী নিয়োজিত এবং পরিশিষ্ট 'ক' তে সংযোজিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

৪) ৬০ (ষাট) বৎসরের পরে পুণঃনিয়োগ প্রাপ্ত/চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত শিক্ষক ও কর্মচারীগণ বেতন-ভাতাদি'র সরকারী অংশ পাইবেন না। তবে কেবলমাত্র ইংরেজী মাধ্যমে শিক্ষাপ্রাপ্ত ইংরেজী বিষয়ের শিক্ষক হিসেবে নিয়ামানুযায়ী চুক্তি ভিত্তিক/পূনঃনিয়োগ প্রাপ্ত হইলে ৬৫ বৎসর বয়স পর্যন্ত বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্য হইবেন।

৫) কোন অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা/কর্মচারী বেসরকারী বিদ্যালয়ে নিয়োগ লাভ করিলে তাঁহার পেনশন বাবদ প্রাপ্ত অর্থ বাদ দিয়া অবশিষ্ট অংশ (যদি থাকে) বেতন-ভাতাদি'র সরকারী অংশ রূপে পাইবেন।

৬) কোন পদে কর্মরতঃ কোন শিক্ষক/কর্মচারী তাঁহাদের প্রশিক্ষণ/উচ্চতর ডিগ্রী/অভিজ্ঞতার জন্য উচ্চতর স্কেল বা বর্ধিত বেতন পাওয়ার যোগ্য হইলে যোগ্যতা অর্জনের পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের তারিখ হইতে তাহার বেতন-ভাতাদি'র সরকারী অংশ পাইবেন।

৭) বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির জন্য আবেদনকারী শিক্ষক/কর্মচারী একই সাথে একাধিক চাকুরীতে ও অর্থকরী পেশায় নিয়োজিত থাকিতে পারিবেন না।

৮। **উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের জনবল কাঠামো ঃ**

১) উপরের ৭ নং অনুচ্ছেদের বর্ণনামতে সাধারণভাবে একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে বিষয়ভিত্তিক শিক্ষক নিয়োজিত থাকবেন। একজন অধ্যক্ষ/প্রধান শিক্ষক নিয়োজিত থাকিবেন। কোন উপাধ্যক্ষ পদ থাকিবে না।

২) প্রতিটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অবশ্যই প্রতিটি আবশ্যিক বিষয় ও ঐচ্ছিক বিষয় এর জন্য একজন করিয়া প্রভাষক থাকিতে হইবে।

৩) ঐচ্ছিক বিষয়ের ক্ষেত্রে পাঠক্রম অনুযায়ী ন্যূনতম প্রয়োজনীয় বিষয়ের অতিরিক্ত বিষয় খোলা এবং শিক্ষক নিয়োগের জন্য ন্যূনতম ৫০ (পঞ্চাশ) জন শিক্ষার্থী থাকিতে হইবে। এইরূপ ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের পূর্ব অনুমোদন নিতে হইবে।

৪) উচ্চ মাধ্যমিক পর্যায়ে মোট শিক্ষক সংখ্যার ৫ঃ২ অনুপাতে প্রভাষকদের মধ্য হইতে নির্ধারিত সংখ্যক শিক্ষক নিয়োগবিধি অনুযায়ী সহকারী অধ্যাপক পদে নিয়োজিত হইবেন। ইহাতে মোট পদ সংখ্যা বৃদ্ধি পাইবে না।

৫) ব্যবহারিক বিষয়ের জন্য একটি প্রদর্শক পদ থাকিবে। কেবলমাত্র পদার্থ বিদ্যা ও রসায়ন বিষয় এবং সংশ্লিষ্ট গবেষণাগার চালু থাকিলে এই পদ পূরণ করা যাইবে।

৬) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ ব্যতিরেকে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক কাঠামো বিদ্যমান থাকিবে। মাধ্যমিক পর্যায়ে একক শ্রেণীর/শাখার ছাত্র-ছাত্রী সংখ্যা ৬০ এর অধিক হইলে পরবর্তী পূর্ণ অংশ তথা ৬০(ষাট) জনের শাখার জন্য ১ জন শিক্ষক বৃদ্ধি পাইবে। উক্ত শিক্ষক বিষয় ভিত্তিক প্রয়োজন অনুযায়ী নিয়োজিত হইতে হইবে।

৯। **মাধ্যমিক বিদ্যালয়ের জনবল কাঠামো ঃ**

১) উপরের ৭ নং অনুচ্ছেদের বর্ণনামতে সাধারণভাবে একটি শিক্ষা প্রতিষ্ঠানে কেবলমাত্র সমাজ বিজ্ঞান বিভাগ চালু থাকিলে ৪টি গ্রুপে (প্রশাসনিক, সমাজ বিজ্ঞান, বিজ্ঞান এবং বিশেষ গ্রুপ বিদ্যমান থাকিলে) সর্বমোট ৯ (নয়) জন শিক্ষক নিয়োজিত থাকিবেন। তন্মোধ্যে গণিত ও সাধারণ বিজ্ঞান বিষয়ের জন্য ১ জন সহকারী শিক্ষক থাকিবেন। বিজ্ঞান বিভাগ চালু থাকিলে একজন অতিরিক্ত বিজ্ঞান শিক্ষক থাকিতে হইবে।

২) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নিয়োগ বিধি অনুযায়ী যোগ্যতা সম্পন্ন একজন প্রধান শিক্ষকরূপে এবং একজন সহকারী প্রধান শিক্ষক রূপে নিয়োজিত হইবেন। তাহাছাড়া প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে অবশ্যই একজন ধর্মীয় শিক্ষক, শরীরচর্চা শিক্ষক ও কৃষি শিক্ষক থাকিতে হইবে।

৩) শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার শিক্ষা চালু থাকিলে বিশেষ গ্রুপে একজন কম্পিউটার শিক্ষক নিয়োগ করা যাইবে।

৪) মাধ্যমিক বিদ্যালয়ে একক শ্রেণীর শাখার ছাত্র-ছাত্রী সংখ্যা ৬০(ষাট) এর অধিক হইলে পরবর্তী পূর্ণ অংশ তথা ৬০(ষাট) জনের শাখার জন্য একজন করিয়া শিক্ষক বৃদ্ধি পাইবে। উক্ত শিক্ষক উল্লিখিত গ্রুপ সমূহের মধ্য হইতে বিষয়ভিত্তিক প্রয়োজনানুযায়ী নিয়োজিত হইতে হইবে। অতিরিক্ত শিক্ষক এর পদ সৃষ্টি হইলে সমানুপাতিক হারে বিজ্ঞান ও কলা/বাণিজ্য বিভাগের শিক্ষক নিয়োগ করিতে হইবে।

১০। **নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের জনবল কাঠামো ঃ**

১) উপরের ৭ নং অনুচ্ছেদের বর্ণনামতে সাধারণভাবে একটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে সর্বমোট ৫ (পাঁচ) জন শিক্ষক নিয়োজিত থাকিবেন। তন্মধ্যে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নিয়োগ বিধি অনুযায়ী যোগ্যতা সম্পন্ন একজন প্রধান শিক্ষকরূপে নিয়োজিত হইবেন। নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে কোন সহকারী প্রধান শিক্ষক পদ থাকিবেনা।

২) প্রতিটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে একজন ধর্মীয় শিক্ষক ও একজন শরীরচর্চা শিক্ষক অবশ্যই থাকিতে হইবে।

৩) প্রতিটি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে একক শ্রেণীর/শাখার ছাত্র-ছাত্রীর সংখ্যা ৬০ (ষাট) এর অধিক হইলে পরবর্তী পূর্ণ সংখ্যা অর্থাৎ ৬০ (ষাট) জনের জন্য শাখা খোলা যাইবে। মোট শাখার জন্য ১.৫ হিসাবে গণনা পূর্বক শিক্ষক বৃদ্ধি পাইবে। উক্ত শিক্ষক বিষয়ভিত্তিক প্রয়োজনানুযায়ী নিয়োজিত হইতে হইবে। অতিরিক্ত শিক্ষক এর পদ সৃষ্টি হইলে সমানুপাতিক হারে বিজ্ঞান ও কলা/বাণিজ্য বিভাগের শিক্ষক নিয়োগ করিতে হইবে।

১১। **শিফট খোলার শর্তাবলী ঃ** কোন শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যমান শ্রেণীসমূহের মধ্যে শ্রেণীভিত্তিক ছাত্র-ছাত্রী সংখ্যা ১৮০ জনের অধিক তথা তিনটির অতিরিক্ত শাখা হইলে ২য় শিফট খোলা যাইবে। তবে ২য় শিফটের প্রতিটি শ্রেণীর ছাত্র-ছাত্রী সংখ্যা ন্যূনতম ৬০ জনে উন্নীত হইলে উক্ত শিফটের জন্য বিধিমোতাবেক নিয়োজিত শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান করা যাইবে।

১২। **পদ সমন্বিত করণ ঃ**

১) এই নতুন জনবল কাঠামো জারীর পর বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট গ্রুপ ও পদবীর বিপরীতে নিয়োজিত শিক্ষক ও কর্মচারীদের পদায়ন করিতে হইবে।

২) নতুন জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক ও কর্মচারীদের প্রাপ্যতা নির্ধারণের পর বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্ত শিক্ষক ও কর্মচারীর সংখ্যা যদি প্রাপ্যতা অতিরিক্ত হয় তবে অতিরিক্ত পদসমূহ উদ্বৃত্ত পদ বলিয়া পরিগণিত হইবে। এই ধরণের উদ্বৃত্ত পদে নিয়োজিত শিক্ষক/কর্মচারীর পদ শূন্য হইলে নতুনভাবে ঐ পদে আর লোক নিয়োগ করা যাইবে না।

৩) নতুন জনবল কাঠামো অনুযায়ী পদায়নের পর শূন্য পদ থাকিলে তাহাতে নতুন নিয়োগের জন্য চাকুরী বিধি এবং বিদ্যমান অন্যান্য বিধি-বিধান ও নিয়ম অনুযায়ী নিয়োগ প্রদান করিতে হইবে।

১৩। **শিক্ষকতার বিষয় নির্ধারণী ঃ**

১) প্রতিটি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে সাপ্তাহিক ন্যূনতম ৪০ (চল্লিশ) টি ক্লাশ/পিরিয়ড অবশ্যই অনুষ্ঠিত হইতে হইবে। প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক (কেবল মাধ্যমিক বিদ্যালয়ে) ছাড়া অন্যান্য শিক্ষকের ক্লাশ/পিরিয়ড হইবে সাপ্তাহিক ২৯ (উনত্রিশ)টি। প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকের (কেবল মাধ্যমিক বিদ্যালয়ে) যৌথ ক্লাশ সংখ্যা সাপ্তাহিক ৩২ (বত্রিশ) এর কম হইবে না। নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের একক ক্লাশ সংখ্যা সাপ্তাহিক ২০ (বিশ) এর কম হইবে না।

২) শিক্ষকদের অবশ্যই সংশ্লিষ্ট গ্রুপের ন্যূনতম একটি পাঠ্য বিষয়ে মৌলিক দক্ষতা থাকিতে হইবে। তাহাছাড়া মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের জন্য নির্ধারিত অন্যান্য বিষয়ের মধ্যে ন্যূনপক্ষে ৩(তিন)টি বিষয়ে পাঠদানের দক্ষতা থাকিতে হইবে। শিক্ষক মন্ডলীকে তাহাদের মূল বিষয় ছাড়াও অন্যান্য বিষয়ে পাঠদান করিতে হইবে।

৩) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রভাষক/শিক্ষকের ক্লাশ/পিরিয়ড বিষয়ভিত্তিক ক্লাশের চাহিদানুযায়ী নিরূপিত হইবে। তাছাড়া প্রতি শিক্ষকের ন্যূনতম অপর ২টি বিষয়ে ক্লাশ নিবার দক্ষতা থাকিতে হইবে।

৪) উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রভাষক/সহকারী অধ্যাপককে মাধ্যমিক পর্যায়ের শ্রেণী সমূহে প্রয়োজন অনুযায়ী পাঠদান করিতে হইবে। অন্যান্য শিক্ষক ও প্রদর্শককে ৬ষ্ঠ শ্রেণী হইতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত প্রয়োজনানুযায়ী সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে পাঠদান করিতে হইবে।

৫) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষককে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ও অবশ্য অনুসরণীয় সহপাঠক্রমিক বিষয়ের ন্যূনতম একটি বিষয়ে দায়িত্ব পালন করিতে হইবে।

১৪। **শিক্ষক ও কর্মচারীদের বেতন নির্ধারণ ঃ**

১) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (বিদ্যালয়সমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের পদবীওয়ারী শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতনক্রম পরিশিষ্ট-'ক' তে সংযুক্ত হইল।

২) শিক্ষক ও কর্মচারীদের অভিজ্ঞতা তাহাদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির জন্য এমপিওভুক্তির তারিখ হইতে গণনা করা হইবে।

৩) বর্তমানে নিয়োজিত এবং বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্ত কোন শিক্ষক/কর্মচারী উল্লিখিত পদের বিপরীতে বর্ণিত যোগ্যতা সম্পন্ন না হইলে বর্তমান নীতিমালায় উল্লিখিত বেতন স্কেল প্রাপ্য হইবেন না। তাহারা এই আদেশ জারির ৫ (পাঁচ) বৎসরের মধ্যে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত যোগ্যতা অর্জন করিতে হইবে।

৪) যদি কোন শিক্ষক/কর্মচারী পরিশিষ্ট-'ক'তে বর্ণিত যোগ্যতা নির্ধারিত ৫(পাঁচ) বৎসরের সময় সীমার মধ্যে অর্জনে ব্যর্থ হন তাহা হইলে তিনি যে স্তরে বেতন পাইতে ছিলেন সে স্তরেই তাহার বেতন নির্ধারিত হইবে।

১৫। **শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন ঃ** বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরীরত অবস্থায় প্রতিষ্ঠান প্রধানের অনুমতিক্রমে কোন শিক্ষক/কর্মচারী অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে সমপদে বা উর্দ্ধতন পদে নিয়োগের জন্য আবেদন করিলে তাহাকে বিভাগীয় প্রার্থীরূপে গণ্য করা হইবে। এইরূপ প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োজিত হইবেন সেই শিক্ষা প্রতিষ্ঠান বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্ত হইলে পূর্বোক্ত প্রতিষ্ঠানের ছাড়পত্র গ্রহণ এবং অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে তিনি সমহারে/নির্ধারিত হারে নূতন প্রতিষ্ঠানে যোগদানের তারিখ হইতে বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্য হইবেন। তবে এক প্রতিষ্ঠান হইতে চাকুরি ত্যাগ করার পর অন্য প্রতিষ্ঠানে যোগদানকালীন সময়ের ব্যবধান ৬(ছয়) মাসের অধিক হইলে উক্ত মেয়াদ অভিজ্ঞতার ক্ষেত্রে গণ্য হইবে না এবং এই সময়ের বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রদান করা হইবে না।

১৬। **বেতন-ভাতাদি'র সরকারী অংশ ছাড়করণ পদ্ধতি ঃ**

১) বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির জন্য পরিশিষ্ট 'খ' তে সংযোজিত নির্ধারিত ফরমে সংশ্লিষ্ট কাগজপত্র ও তথ্যাদিসহ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর মাধ্যমে সরকারের নিকট আবেদন জানাইতে হইবে।

২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর আবেদনপত্র সংশ্লিষ্ট বিধি-বিধান ও নিয়ামালীর আলোকে পরীক্ষান্তে শিক্ষা মন্ত্রণালয়ের নিকট পরিশিষ্ট 'গ' তে সংযোজিত নির্ধারিত বিবরণীতে মন্তব্য/সুপারিশসহ প্রেরণ করিবে।

৩) শিক্ষক ও কর্মচারীগণ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হারে বেতন-ভাতাদি'র সরকারী অংশ পাইবেন।

৪) শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ ছাড় করিবে এবং বিদ্যালয় কর্তৃপক্ষ উহা গ্রহণ ও বিতরণ করিবে।

৫) বেতন-ভাতাদি'র সরকারী অংশ বন্টনের অনিয়মের জন্য বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি ও প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকিবেন।

১৭। **কমিটি ঃ**

১) বেতন-ভাতাদি'র সরকারী অংশ সম্পর্কিত বিষয়াদির জন্য শিক্ষা মন্ত্রণালয়ে নিম্নোক্তভাবে 'বেতন-ভাতাদি'র সরকারী অংশ সম্পর্কিত কমিটি' গঠিত হইবে:

| | | | |
|---|---|---|---|
| (১) | যুগ্ম -সচিব (প্রশাসন) | - | সভাপতি |
| (২) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের একজন পরিচালক | - | সদস্য |
| (৩) | সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড-এর একজন প্রতিনিধি | - | সদস্য |
| (৪) | উপ-সচিব (বিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য |
| (৫) | পরিচালক, ব্যানবেইস, ঢাকা | - | সদস্য |
| (৬) | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, শাখা-৪, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য সচিব |

২) কমিটি সরকারের বিদ্যমান নীতিমালা, নির্দেশনা, বাজেট বরাদ্দ ও বিধি-বিধানের আলোকে বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির আবেদন পর্যালোচনান্তে সুপারিশ প্রণয়ন করিবে;

৩) সংশ্লিষ্ট বিষয়ে সরকার প্রদত্ত অন্য কোন নির্দেশনা থাকিলে সেই অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিবে।

১৮। বেতন-ভাতাদি'র সরকারী অংশ সাময়িকভাবে বন্ধ, কর্তন ও বাতিলকরণ ঃ

১) শিক্ষা মন্ত্রণালয় বা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর নিম্নোক্ত কারণে কোন বেসরকারী বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশের বরাদ্দ নির্দিষ্ট সময়ের জন্য সাময়িকভাবে বন্ধ, আংশিক বা সম্পূর্ণ কর্তন কিংবা বাতিল করিতে পারিবে ঃ

(১) এই নীতিমালার ৫ (পাঁচ) নং অনুচ্ছেদে বর্ণিত আবশ্যকীয় শর্ত পুরণ না করিলে;

(২) সরকার বা সরকার কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের নির্দেশনা ও বিধি-বিধান লঙ্ঘন করিলে;

(৩) ভূয়া তথ্য প্রদান, ভূয়া শিক্ষক নিয়োগ, ভূয়া ছাত্র-ছাত্রী/শাখা প্রদর্শন, পাবলিক পরীক্ষায় অসদুপায় অবলম্বন এবং বোর্ডের আপীল ও আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন না করিলে;

(৪) শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর বা অন্য কোন উপযুক্ত কর্তৃপক্ষের নিরীক্ষা ও তদন্ত প্রতিবেদনে প্রাপ্ত অনিয়মের কারণে।

২) উপযুক্ত ক্ষেত্র বিবেচনায় সরকারের নির্দেশমতে সম্পূর্ণ বন্ধ, কর্তন ও বাতিল এক বা একাধিক শিক্ষক ও কর্মচারী কিংবা সম্পূর্ণভাবে এক বা একাধিক বিদ্যালয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইতে পারিবে।

৩) বন্ধ করা বেতন-ভাতাদি'র সরকারী অংশের কোন বকেয়া প্রদান করা হইবে না।

৪) কোন শিক্ষক ও কর্মচারী/ভূয়া প্রতিষ্ঠানের বেতন-ভাতাদি'র সরকারী অংশের বরাদ্দ উল্লিখিত কারণে সম্পূর্ণরূপে বাতিল করা হইলে তাহাকে/প্রতিষ্ঠানকে পুণরায় বেতন-ভাতাদি'র সরকারী অংশ বরাদ্দ করা হইবে না।

৫) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের নিরীক্ষা ও তদন্ত প্রতিবেদনে উল্লিখিত অনিয়ম ও ত্রুটি দূরীকরণ এবং আরোপিত শর্তাদি (যদি থাকে) পূরণ করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক বা কর্মচারীকে ৩(তিন) মাসের সময় প্রদান করা যাইবে, ব্যর্থতায় উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে।

১৯। **আপীল** ঃ কোন বিদ্যালয় বা শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সাময়িকভাবে বন্ধ, আংশিক বা সম্পূর্ণ বাতিলের বিরুদ্ধে নিম্নোক্তভাবে সরকারের নিকট আপীল করা যাইবেঃ

১) সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান বা শিক্ষক ও কর্মচারী কর্তৃক মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর নিকট উপযুক্ত কারণ ও প্রমাণাদি সহকারে ৩ (তিন) মাসের মধ্যে আবেদন জানাইতে হইবে।

২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ইহা পরীক্ষান্তে মতামতসহ মন্ত্রণালয়ে প্রেরণ করিবে।

৩) আপীল সম্পর্কিত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত নিম্নোক্ত কমিটি সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী বিষয়টি চুড়ান্তভাবে নিষ্পত্তির জন্য সুপারিশ প্রদান করিবে ঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | উপসচিব (সংশ্লিষ্ট), শিক্ষা মন্ত্রণালয় | - | সভাপতি |
| (২) | পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের প্রতিনিধি | - | সদস্য |
| (৩) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি | - | সদস্য |
| (৪) | সিনিয়র সহকারী সচিব, শাখা-৪, শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য সচিব |

৪) উক্ত কমিটির সুপারিশ পর্যালোচনান্তে শিক্ষা মন্ত্রণালয় বিষয়টি নিষ্পত্তি করিবে।

২০। **রহিতকরণ** ঃ এই নীতিমালা কার্যকর হইবার পূর্বে জারিকৃত শিক্ষা মন্ত্রণালয়ের এতদসংক্রান্ত সকল আদেশ ও নীতিমালায় বর্ণিত বেসরকারী বিদ্যালয়ের সহিত বেতন-ভাতাদি'র এবং জনবল কাঠামো সম্পর্কিত সংশ্লিষ্ট অংশসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে।

২১। **নীতিমালার কার্যকারিতা** ঃ এই নীতিমালা নিম্নরূপভাবে কার্যকর হইবে ঃ

১) এই নীতিমালা কার্যকর হইবার পূর্বে বলবৎ বিধি-বিধান, নীতিমালা অনুযায়ী কোন বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োজিত হইলে, কর্মরত থাকিলে ও বেতন-ভাতাদি'র সরকারী অংশ পাইলে তাহাদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রদান অব্যাহত থাকিবে।

২) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২২। ব্যাখ্যা ঃ বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালার কোন ব্যাখ্যার প্রয়োজন হইলে শিক্ষা মন্ত্রণালয়ের নিকট হইতে তাহা গ্রহণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাঃ/-
(মোঃ ইরশাদুল হক)
সচিব

বিতরণ ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরী শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।
৪। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক/অগ্রণী ব্যাংক/জনতা ব্যাংক/রূপালী ব্যাংক।
৫। চেয়ারম্যান,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ........................................... (সকল)।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। চেয়ারম্যান, এন.সি.টি.বি, মতিঝিল, ঢাকা।
৯। মহাপরিচালক, নায়েম, ঢাকা।
১০। পরিচালক, ফ্যাসিলিটিস ডিপার্টমেন্ট, ঢাকা।
১১। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১২। পরিচালক (উচ্চ শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৩। পরিচালক, পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তর, ঢাকা।
১৪। পরিচালক, ব্যানবেইস, ঢাকা।
১৫। কলেজ পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ........................................... (সকল)।
১৬। বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ........................................... (সকল)।
১৭। মাদ্রাসা পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ---------------------------------- অঞ্চল (সকল)।
১৯। জেলা প্রশাসক, ---------------------------------------- (সকল)।

নং- শাঃ১১/বিবিধ-৫/৯৪/(অংশ-৬)/৩৯৪

তারিখ : ৯ই কার্তিক ১৪০২ বাং / ২৪শে অক্টোবর ১৯৯৫ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ---------------------------------------------।
২। শিক্ষা মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা শিক্ষা কর্মকর্তা ------------------------------------ (সকল)।
৪। থানা নির্বাহী কর্মকর্তা ---------------------------------- (সকল)।
৫। ----------------------------------------------------------।

স্বাঃ/-
(সৈয়দ জগলুল পাশা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ২৩৫১১১/৩৯৮৮

পরিশিষ্ট-ক

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (বিদ্যালয়সমূহ) এর
# শিক্ষক ও কর্মচারীদের জন্য নিয়োগ যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতন স্কেল

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | পদোন্নতি/সরাসরি | | | |
| | ক) প্রধান শিক্ষক | (১) সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে যথাবিধি নিয়োজিত থাকিলে এবং প্রাথমিক পর্যায়ে উচ্চ মাধ্যমিক শ্রেণী খোলার সময়ে স্নাতক দ্বিতীয় শ্রেণী সহ বিএড (সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ) থাকিলে অধ্যক্ষরূপে নিয়োগ প্রদান করা যাইবে। পদটি বর্তমান কর্মরত কর্মকর্তা অবসর/পদত্যাগের সাথে সাথে অবলুপ্ত হইবে। | (১) বিদ্যালয়ে ১৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট বিদ্যালয়ে ন্যূনতম ৩ বৎসর যাবত কর্মরত থাকিতে হইবে। | ৪১০০-৫১৫৫/- | বয়স ৪৫ বৎসরের নীচে হইলে তাহাকে ৫ বৎসরের মধ্যে এম,এ/এম,এড ডিগ্রী অর্জন করিতে হইবে। |
| | খ) অধ্যক্ষ | সরাসরি/পদোন্নতি<br>(২) প্রাথমিক পর্যায়ের পর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের যথাবিধি নিয়োগ প্রাপ্ত সহকারী অধ্যাপক পদধারীরাই কেবল জ্যেষ্ঠতানুসারে অধ্যক্ষ পদে নিয়োগ/পদোন্নতি যোগ্য হইবেন।<br>অথবা<br>(৩) ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | (২) সংশ্লিষ্ট বিদ্যালয়ে ন্যূনতম ৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br><br>(৩) ১০ বৎসরের সহকারী অধ্যাপক/প্রভাষক পদের অভিজ্ঞতা। | ৬৩০০-৮০৫০/- | |
| ২। | সহকারী অধ্যাপক | পদোন্নতি<br>অনার্স ডিগ্রীসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ অথবা ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। | সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে প্রভাষক পদে ৮ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা | ৪৮০০-৭২৫০/- | |
| ৩। | প্রভাষক | সরাসরি<br>সংশ্লিষ্ট বিষয়ে অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রী এবং সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। অথবা ২য় | | ২৮৫০-৫১৫০/- | |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম) | অভিজ্ঞতা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | | | |
| ৪। | প্রদর্শক | **সরাসরি**<br>বিজ্ঞান বিভাগে স্নাতকোত্তর ডিগ্রীসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণী অথবা বিজ্ঞান বিভাগে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী সহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | | ২৩০০-৪৪৮০/- | |
| ৫। | সহকারী গ্রন্থাগারিক | **সরাসরি**<br>২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী সহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা | | ২৩০০-৪৪৮০/- | |
| ৬। | সহকারী প্রধান শিক্ষক | **পদোন্নতি/সরাসরি**<br>স্নাতকসহ বি,এড। সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | বিদ্যালয়ে ১২ বৎসরের শিক্ষকতা ও প্রশাসনিক অভিজ্ঞতা | ২৮৫০-৫১৫৫/- | |
| ৭। | সহকারী শিক্ষক | **সরাসরি**<br>(১) স্নাতক সহ বি,এড। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয় স্নাতক পর্যায় পর্যন্ত পাঠ্য থাকিতে হইবে।<br>অথবা<br>(২) স্নাতক ২য় শ্রেণী সহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয় স্নাতক পর্যায় পর্যন্ত পাঠ্য থাকিতে হইবে। | | (১) ২৩০০-৪৪৮০/-<br>(২) ১৭২৫-৩৭২৫/- | |
| ৮। | সহকারী শিক্ষক (গণিত ও সাধারণ বিজ্ঞান) | **সরাসরি**<br>(১) বিজ্ঞান বিভাগে স্নাতক সহ বি,এড। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে।<br>অথবা<br>(২) বিজ্ঞান বিভাগে স্নাতক। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। | | (১) ২৩০০-৪৪৮০/-<br>(২) ১৭২৫-৩৭২৫/- | |
| ৯। | সহকারী শিক্ষক (বিজ্ঞান) (কেবলমাত্র বিজ্ঞান বিভাগ চালু থাকিলে) | **সরাসরি**<br>(১) বিজ্ঞান বিভাগে স্নাতকসহ বি,এড। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে।<br>অথবা | | (১) ২৩০০-৪৪৮০/- | |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | (২) বিজ্ঞান বিভাগে স্নাতক। সকল পরীক্ষায় ২য় বিভাগ /শ্রেণী থাকিতে হইবে। | | (২) ১৭২৫-৩৭২৫/- | |
| ১০। | সহকারী শিক্ষক (কৃষি) | **সরাসরি**<br>নিম্নে যে কোন একটি ডিগ্রী থাকিতে হইবে:<br>(১) বিএস-সি (কৃষি);<br>(২) বিএস-সি (কৃষি অর্থনীতি);<br>(৩) বিএস-সি (মৎস্য);<br>(৪) বিএস-সি (পশুপালন);<br>(৫) বিএস-সি (কৃষি প্রকৌশলী);<br>(৬) ডিডিএম;<br>(৭) বি,এস-সি (বায়োলজী);<br>(৮) বি,এস-সি (উদ্ভিদ বিদ্যা/প্রাণীবিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান);<br>(৯) কৃষি ডিপ্লোমা ৩ বৎসর মেয়াদী | | (১) ২৩০০-৪৪৮০/- (সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিলে)<br>(২) ১৭২৫-৩৭২৫/- ((সকল পরীক্ষায় ২য় বিভাগ না থাকিলে) | |
| ১১। | সহকারী শিক্ষক (ধর্ম) | **সরাসরি**<br>(১) কামিল ২য় শ্রেণীসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে।<br>অথবা<br>(২) ফাজিল ২য় শ্রেণীসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে।<br>(৩) অন্য কোন ধর্মের ক্ষেত্রে সংশ্লিষ্ট ধর্মীয় বিষয়সহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী। | | (১) ২৩০০-৪৪৮০/-<br>(২) ১৭২৫-৩৭২৫/-<br>(৩) ১৭২৫-৩৭২৫/- | বি এড প্রশিক্ষণ থাকিলে ২৩০০-৪৪৮০/ স্কেল প্রদান করা যাইবে। |
| ১২। | সহকারী শিক্ষক (শরীরচর্চা) | **সরাসরি**<br>(১) ২য় শ্রেণীর স্নাতকসহ বি,পি,এড।<br>অথবা<br>(২) জুনিয়র ডিপ্লোমা/ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষণ প্রাপ্ত ২য় শ্রেণীর স্নাতক। | | (১) ২৩০০-৪৪৮০/- (সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিলে)<br>(২) ১৭২৫-৩৭২৫/- (সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিলে) | |
| ১৩। | সহকারী শিক্ষক (কম্পিউটার) (সরকারী | **সরাসরি**<br>স্নাতক ২য় শ্রেণীর ডিগ্রী। নট্রামস বা সরকার কর্তৃক | | (১) ২৩০০-৪৪৮০/- | |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | নিয়মানুযায়ী কম্পিউটার শিক্ষা প্রবর্তিত হইলে) | নির্ধারিত প্রতিষ্ঠান হইতে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | | (সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিলে) (২) ১৭২৫-৩৭২৫/- (স্নাতক পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিলে) | |
| ১৪। | কর্মচারী অফিস সহকারী কাম হিসাব সহকারী | **সরাসরি** ২য় বিভাগে এইচ,এস,সি (বাণিজ্য বিভাগ) সহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | | ১২০০-২৩৩৫/- | |
| ১৫। | নিম্নমান সহকারী | সরাসরি এইচ,এস,সি ২য় বিভাগ সহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | | ১২০০-২৩৩৫/- | |
| ১৬। | এমএলএসএস | সরাসরি ৮ম শ্রেণী পাশ | | ৯০০-১৫৩০/- | |
| ১৭। | আয়া (কেবলমাত্র বালিকা বিদ্যালয়ে) | **সরাসরি** ৮ম শ্রেণী পাশ | | ৯০০-১৫৩০/- | |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | **মাধ্যমিক বিদ্যালয়** প্রধান শিক্ষক | **সরাসরি/পদোন্নতি** স্নাতকসহ বিএড। সকল পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে। | সহকারী প্রধান শিক্ষক হিসাবে কমপক্ষে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ শিক্ষকতায় নিরবচ্ছিন্নভাবে বিদ্যালয়ে ১৫ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। | ৪১০০-৬৫০০/- | |
| ২। | সহকারী প্রধান শিক্ষক | **সরাসরি/পদোন্নতি** স্নাতকসহ বিএড। সকল পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে। | বিদ্যালয়ে ১২ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা। | ২৮৫০-৫১৫৫/- | |
| ৩। | সহকারী শিক্ষক | **সরাসরি** (১) স্নাতক সহ বি,এড। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ | | (১) ২৩০০-৪৪৮০/- | |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয় স্নাতক পর্যায় পর্যন্ত পাঠ্য থাকিতে হইবে।<br>অথবা<br>(২) স্নাতক ২য় শ্রেণী সহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয় স্নাতক পর্যায় পর্যন্ত পাঠ্য থাকিতে হইবে। | | (২) ১৭২৫-৩৭২৫/- | |
| ৪। | সহকারী শিক্ষক (গণিত ও সাধারণ বিজ্ঞান) | **সরাসরি**<br>(১) বিজ্ঞান বিভাগে স্নাতক সহ বি,এড। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে<br>অথবা<br>(২) বিজ্ঞান বিভাগে স্নাতক। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। | | (১) ২৩০০-৪৪৮০/-<br><br>(২) ১৭২৫-৩৭২৫/- | |
| ৫। | সহকারী শিক্ষক (বিজ্ঞান) (কেবলমাত্র বিজ্ঞান বিভাগ চালু থাকিলে) | **সরাসরি**<br>(১) বিজ্ঞান বিভাগে স্নাতকসহ বি,এড। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে।<br>অথবা<br>(২) বিজ্ঞান বিভাগে স্নাতক। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। | | (১) ২৩০০-৪৪৮০/-<br><br>(২) ১৭২৫-৩৭২৫/- | |
| ৬। | সহকারী শিক্ষক (কৃষি) | **সরাসরি**<br>নিম্নে যে কোন একটি ডিগ্রী থাকিতে হইবে:<br>(১) বিএস-সি (কৃষি);<br>(২) বিএস-সি (কৃষি অর্থনীতি);<br>(৩) বিএস-সি (মৎস্য);<br>(৪) বিএস-সি (পশুপালন);<br>(৫) বিএস-সি(কৃষি প্রকৌশলী)<br>(৬) ডিডিএম;<br>(৭) বিএস-সি (বায়োলজী);<br>(৮) বিএস-সি (উদ্ভিদ বিদ্যা/প্রাণীবিদ্যা/মৃত্তিকাবিজ্ঞান);<br>(৯) কৃষি ডিপ্লোমা ৩ বৎসর মেয়াদী | | (১) ২৩০০-৪৪৮০/- (সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিলে)<br><br>(২) ১৭২৫-৩৭২৫/- ((সকল পরীক্ষায় ২য় বিভাগ না থাকিলে) | |
| ৭। | সহকারী শিক্ষক (ধর্ম) | **সরাসরি**<br>(১) কামিল ২য় শ্রেণীসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে।<br>অথবা | | (১) ২৩০০-৪৪৮০/- | বি,এড প্রশিক্ষণ |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | (২) ফাজিল ২য় শ্রেণীসহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে ।<br>(৩) অন্য কোন ধর্মের ক্ষেত্রে সংশ্লিষ্ট ধর্মীয় বিষয়সহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী । | | (২) ১৭২৫-৩৭২৫/-<br>(৩) ১৭২৫-৩৭২৫/- | থাকিলে ২৩০০-৪৮৮০/- টাকার স্কেল প্রদান করা যাইবে । |
| ৮ । | সহকারী শিক্ষক (শরীরচর্চা) | **সরাসরি**<br>(১) ২য় শ্রেণীর স্নাতকসহ বি, পি,এড ।<br>অথবা<br>(২) জুনিয়র ডিপ্লোমা/ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষণ প্রাপ্ত ২য় শ্রেণীর স্নাতক । | | (১) ২৩০০-৪৪৮০/- (সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিলে)<br>(২) ১৭২৫-৩৭২৫/- (স্নাতক পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিলে) | |
| ৯ । | সহকারী শিক্ষক (কম্পিউটার) (সরকারী নিয়মানুযায়ী কম্পিউটার শিক্ষা প্রবর্তিত হইলে) | **সরাসরি**<br>স্নাতক ২য় শ্রেণীর ডিগ্রী । নট্রামস বা সরকার কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠান হইতে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে । সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে । | | (১) ২৩০০-৪৪৮০/- (সকল পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণী থাকিলে)<br>(২) ১৭২৫-৩৭২৫/- (স্নাতক পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণী থাকিলে) | |
| ১০ । | **কর্মচারী**<br>অফিস সহকারী কাম হিসাব সহকারী | **সরাসরি**<br>২য় বিভাগে এইচ,এস,সি (বাণিজ্য বিভাগ) সহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে । | | ১২০০-২৩৩৫/- | |
| ১১ । | নিম্নমান সহকারী | সরাসরি<br>এইচ,এস,সি ২য় বিভাগ সহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে । | | ১২০০-২৩৩৫/- | |
| ১২ । | এমএলএসএস | **সরাসরি**<br>৮ম শ্রেণী পাশ | | ৯০০-১৫৩০/- | |
| ১৩ । | আয়া (কেবলমাত্র বালিকা বিদ্যালয়ে) | **সরাসরি**<br>৮ম শ্রেণী পাশ | | ৯০০-১৫৩০/- | |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | নিম্ন মাধ্যমিক বিদ্যালয়<br>প্রধান শিক্ষক | **সরাসরি/পদোন্নতি**<br>(১) স্নাতক ২য় শ্রেণীসহ বি.এড। সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে।<br>অথবা<br>(২) স্নাতক ২য় শ্রেণীসহ সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। | বিদ্যালয়ে ১২ বৎসরের প্রশাসনিক/শিক্ষকতার অভিজ্ঞতা | (১) ২৮৫০-৫১৫৫/-<br>(২) ১৭২৫-৩৭২৫/- | |
| ২। | সহকারী শিক্ষক (বাংলা) | **সরাসরি**<br>(১) স্নাতক ২য় শ্রেণীসহ বি.এড। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয় স্নাতক পর্যায়ে পাঠ্য থাকিতে হইবে।<br>অথবা<br>(২) স্নাতক ২য় শ্রেণী। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয় স্নাতক পর্যায়ে পাঠ্য থাকিতে হইবে। | | (১) ২৩০০-৪৪৮০/-<br>(২) ১৭২৫-৩৭২৫/- | |
| ৩। | সহকারী শিক্ষক (ইংরেজী) | **সরাসরি**<br>(১) স্নাতক ২য় শ্রেণীসহ বি.এড। সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয় স্নাতক পর্যায়ে পাঠ্য থাকিতে হইবে।<br>অথবা<br>(২) স্নাতক ২য় শ্রেণী। সকল পরীক্ষায় ২য় বিভাগ থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয় স্নাতক পর্যায়ে পাঠ্য থাকিতে হইবে। | | (১) ২৩০০-৪৪৮০/-<br>(২) ১৭২৫-৩৭২৫/- | |
| ৪। | সহকারী শিক্ষক (অংক ও সাধারণ বিজ্ঞান) | **সরাসরি**<br>(১) বিজ্ঞান বিভাগে ২য় শ্রেণীর স্নাতকসহ বি.এড। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে।<br>অথবা<br>(২) বিজ্ঞান বিভাগে স্নাতক ২য় শ্রেণী। সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে। | | (১) ২৩০০-৪৪৮০/-<br>(২) ১৭২৫-৩৭২৫/- | |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৫। | সহকারী শিক্ষক (শরীরচর্চা) | **সরাসরি**<br>(১) স্নাতকসহ বি, পি,এড ।<br>সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে ।<br>অথবা<br>(২) স্নাতকসহ জুনিয়র ডিপ্লোমা/ ফিজিক্যাল এডুকেশন প্রশিক্ষণ প্রাপ্ত সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ । | | (১) ২৩০০-৪৪৮০/-<br>(সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিলে)<br>(২) ১৭২৫-৩৭২৫/-<br>(স্নাতক পরীক্ষায় ২য় বিভাগ থাকিলে) | |
| ৬। | সহকারী শিক্ষক (ধর্ম) | **সরাসরি**<br>(১) ফাজিল ২য় শ্রেণীসহ বি,এড । সকল পরীক্ষায় ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে ।<br>অথবা<br>(২) ফাজিল ২য় শ্রেণীসহ সকল পরীক্ষায় ২য় শ্রেণী/বিভাগ থাকিতে হইবে ।<br>অথবা<br>(৩) সংশ্লিষ্ট ধর্মীয় বিষয়সহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী । স্নাতক পর্যায় পর্যন্ত সংশ্লিষ্ট ধর্ম পাঠ্য থাকিতে হইবে । | | (১) ২৩০০-৪৪৮০/-<br>(২) ১৭২৫-৩৭২৫/-<br>(৩) ১৭২৫-৩৭২৫/- | বি,এড প্রশিক্ষণ থাকিলে ২৩০০-৪৮৮০/- টাকা স্কেল প্রদান করা যাইবে । |
| | কর্মচারী | সরাসরি | | | |
| ৭। | নিম্নমান সহকারী | **সরাসরি**<br>**২য় বিভাগে এইচ,এস,সি পাশ ।** | | ১২০০-২৩৩৫/- | |
| ৮। | এমএলএসএস | **সরাসরি**<br>৮ম শ্রেণী পাশ | | ৯০০-১৫৩০/- | |
| ৯। | আয়া (কেবলমাত্র বালিকা বিদ্যালয়ে) | **সরাসরি**<br>৮ম শ্রেণী পাশ | | ৯০০-১৫৩০/- | |

পরিশিষ্ট 'খ'

## শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির জন্য আবেদন ফরম

১। আবেদনকারী শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : ..................................................

২। প্রতিষ্ঠার তারিখ : ..................................................

৩। স্বীকৃতি প্রাপ্তির বিবরণ : ..................................................

(১) বোর্ডের/কর্তৃপক্ষের নাম : ..................................................

(২) স্বীকৃতির স্মারক ও তারিখ : ..................................................

(৩) স্বীকৃতির মেয়াদ : ..................................................

(৪) স্বীকৃতি নবায়নের স্মারক নং ও তারিখ (যদি প্রযোজ্য হয়) : ..................................................

৪। শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণী ও শাখা ভিত্তিক ছাত্র/ছাত্রী সংখ্যাঃ ..................................................

৫। শিক্ষক ও কর্মচারীদের তথ্য:

| নাম ও পদবী | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | নিয়োগের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

৬। শিক্ষক ও কর্মচারীদের নিয়োগ ও চাকুরী বিধি অনুযায়ী নিয়োগ প্রদান করা হইয়াছে কিনা?......................

৭। শিক্ষক ও কর্মচারীদের সরকার অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী নিয়োগ প্রদান করা হইয়াছে কিনা?.....

### সার্টিফিকেট

প্রত্যয়ন করা যাইতেছে যে, উপরোক্ত তথ্যসমূহ আমার/আমাদের জানামতে সত্য। তথ্যগত কোন ত্রুটির কারণে বেতন-ভাতাদি'র সরকারী অংশ অনিয়মতান্ত্রিকভাবে বা অতিরিক্ত পরিমাণে মঞ্জুরীকৃত হইলে বিদ্যালয় কর্তৃপক্ষ তাহা ফেরত প্রদানে বাধ্য থাকিবে।

(সভাপতি, ব্যবস্থাপনা কমিটি) (শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব)

..........................................................................................................................................

সংযোজনী সমূহ (নিম্নোক্ত কাগজপত্রাদি সংযোজন করিতে হইবে) :

১) স্বীকৃতির প্রমাণপত্র; ২) শিক্ষকদের ব্যক্তিগত স্বাক্ষর সম্বলিত জীবন বৃত্তান্ত, ছবি ও সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি; ৩) অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্র।

---

পরিশিষ্ট 'গ'

## শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রাপ্তির জন্য আবেদনের সমন্বিত বিবরণী

১। প্রতিষ্ঠানের বিবরণ : ..................................................

| ক্রমিক নং | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | আবেদনের তারিখ | বেতন-ভাতাদি'র সরকারী অংশ প্রার্থী সংখ্যা | |
|---|---|---|---|---|
| | | | শিক্ষক | কর্মচারী |
| | | | | |

২। আবেদনকারী শিক্ষা প্রতিষ্ঠানে জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক ও কর্মচারী নিয়োগ করা হইয়াছে কিনা? .................. (না থাকিলে পৃথক কাগজে কারণ ও বিবরণ লিপিবদ্ধ করিতে হইবে।)

৩। শিক্ষা প্রতিষ্ঠানওয়ারী সুপারিশকৃত পদের নামঃ (পৃথক কাগজে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শিক্ষকের নাম ও পদবী ও বেতন স্কেল উল্লেখ পূর্বক স্বাক্ষর করিতে হইবে।)

তারিখঃ

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর